১৬/৮/২০০১

ভোরের কাগজ

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

অধ্যাপক রাজ্জাক হত্যাকাণ্ড

# শিক্ষককে অভিযুক্ত করার ঘটনায় খুলনা বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থা

**খুলনা প্রতিনিধি :** খুলনা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক আঃ রাজ্জাক সরদার হত্যা মামলার আর কোনো অগ্রগতি হয়নি। গ্রেপ্তারকৃত সজলকে জিজ্ঞাসাবাদ করে পুলিশ তেমন কোনো তথ্য উদঘাটন করতে পারেনি। এদিকে আ.লীগের পক্ষ থেকে আয়োজিত সংবাদ সম্মেলনে শিক্ষক ড. মোঃ রেজাউল করিমকে রাজ্জাক হত্যা মামলায় জড়িত করার পরও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোনো বক্তব্য প্রদান না করায় গত বুধবার শিক্ষকরা শিক্ষা কার্যক্রম অনির্দিষ্টকালের জন্য বন্ধ করে দিয়েছে।

গত বুধবার বিকালে প্রেসক্লাবে আয়োজিত খুলনা বিশ্ববিদ্যালয় শিক্ষক কল্যাণ সমিতির সংবাদ সম্মেলনে বলা হয়, ড. রেজাউলের বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ সকল শিক্ষকের উপর কালিমা লেপন করা হয়েছে। কিন্তু বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ কর্তৃপক্ষ এ ব্যাপারে নীরব থাকার প্রতিবাদে শিক্ষক সমিতি সভা করে বুধবার বেলা ১১টা থেকে বিশ্ববিদ্যালয়ের সকল কার্যক্রম অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করেছে।

এদিকে পুলিশ গত মঙ্গলবার রাতেও কয়েকটি অভিযান চালিয়ে রাজ্জাক হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত আর কাউকে গ্রেপ্তার করতে পারেনি।